গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
**(মার্কেটিং শাখা)**
মেট্রোরেল ভবন, এমআরটি লাইন-৬ ডিপো
সোনারগাঁও জনপথ, সেক্টর: ১৫-১৬, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০
www.dmtcl.gov.bd

স্মারক নং: ৩৫.০৫.০০০০.০০০.০৪০.১৮.০০১১.২৫-১৪২

তারিখ: ২৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১১ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

# মেট্রোরেল স্টেশনের প্ল্যাটফর্ম স্ক্রীন ডোর (পিএসডি)-এর উভয় পার্শ্বে অনালোকিত বিজ্ঞাপন স্পেস ভাড়া/ইজারার বিজ্ঞপ্তি

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর আওতায় পরিচালনা ও রক্ষণাবেক্ষণাধীন এমআরটি লাইন-৬ এর মেট্রোরেল স্টেশনসমূহের প্ল্যাটফর্ম স্ক্রীন ডোর (পিএসডি)-এর উভয় পার্শ্বে নির্ধারিত স্থানে অনালোকিত বিজ্ঞাপন প্রদর্শনের জন্য **"ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা নীতিমালা ২০২৩ (১ম সংশোধনীসহ)"** অনুযায়ী বিজ্ঞাপন স্পেস ভাড়া/ইজারা প্রদান করা হবে। আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে নিম্নস্বাক্ষরকারীর দপ্তর থেকে **ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**-এর অনুকূলে ১০,০০০/- (দশ হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) প্রদানপূর্বক আবেদনপত্র সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো। বিস্তারিত তথ্যের জন্য অফিসের ওয়েবসাইট (**www.dmtcl.gov.bd**) ভিজিট করুন।

| | | |
|---|---|---|
| আবেদনপত্র সংগ্রহের সময় ও স্থান | : | ১৫/০৩/২০২৬ হতে ১৫/০৪/২০২৬ তারিখ পর্যন্ত (অফিস চলাকালে); রুম নম্বর: ৩১৯, লেভেল-৩, মেট্রোরেল ভবন, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০। |
| আবেদন দাখিল পূর্ববর্তী ব্রিফিং সভার সময়, স্থান ও সাইট ভিজিট | : | ০২/০৪/২০২৬ তারিখ, সকাল ১০.০০ ঘটিকা; ডিএমটিসিএল সম্মেলন কক্ষ (লেভেল-৫), মেট্রোরেল ভবন, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০। |
| আবেদনপত্র দাখিলের তারিখ, সময় ও স্থান | : | ১৬/০৪/২০২৬ তারিখ সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ০৩.০০ ঘটিকা; ফ্রন্ট ডেস্ক, মেট্রোরেল ভবন, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০। |
| আবেদনপত্র উন্মুক্ত করার তারিখ, সময় ও স্থান | : | ১৬/০৪/২০২৬ তারিখ, বিকাল ৩.৩০ ঘটিকা; ডিএমটিসিএল সম্মেলন কক্ষ (লেভেল-৫), মেট্রোরেল ভবন, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০। |

(এ, কে, এম, খায়রুল আলম)
পরিচালক (প্রশাসন)
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
ফোন: +৮৮০২-৫৫৬৬৯০১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
**(মার্কেটিং শাখা)**
মেট্রোরেল ভবন, এমআরটি লাইন-৬ ডিপো
সোনারগাঁও জনপথ, সেক্টর: ১৫-১৬, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০
www.dmtcl.gov.bd

# মেট্রোরেল স্টেশনের প্ল্যাটফর্ম স্ক্রীন ডোর (পিএসডি)-এর উভয় পার্শ্বে অনালোকিত বিজ্ঞাপন স্পেস ভাড়া/ইজারা প্রদানের শর্তাবলী

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১. | বিজ্ঞপ্তি নম্বর | : | ৩৫.০৫.০০০০.০০০.০৪০.১৮.০০১১.২৫-১৪২ | | |
| ২. | ভাড়া/ইজারা প্রদানকারী সংস্থার নাম | | **ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড** | | |
| ৩. | ভাড়া/ইজারার স্থানসমূহ | : | ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর আওতায় পরিচালনা ও রক্ষণাবেক্ষণাধীন এমআরটি লাইন-৬ এর মেট্রোরেল স্টেশনসমূহের প্ল্যাটফর্ম স্ক্রীন ডোর (পিএসডি)-এর উভয় পার্শ্বে নির্ধারিত স্থান | | |
| ৪. | প্যাকেজ নম্বর, শিরোনাম ও বিবরণ | : | **প্যাকেজ নম্বর** | **প্যাকেজের শিরোনাম** | **প্যাকেজের বিবরণ** |
| | | | ডিএমটিসিএল/ পিএসডি/বিজ্ঞাপন/ ২০২৬/০২ | ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর আওতায় পরিচালনা ও রক্ষণাবেক্ষণাধীন এমআরটি লাইন-৬ এর মেট্রোরেল স্টেশনের প্ল্যাটফর্ম স্ক্রীন ডোর (পিএসডি)-এর উভয় পার্শ্বে নির্ধারিত অনালোকিত বিজ্ঞাপন স্পেস স্পেস ভাড়া | **অনালোকিত বিজ্ঞাপন স্পেস:** এমআরটি লাইন-৬ এর মেট্রোরেল স্টেশনের প্ল্যাটফর্ম স্ক্রীন ডোর (পিএসডি)-এর উভয় পার্শ্বে নির্ধারিত ৪২০০.২৯ বর্গমিটার অনালোকিত বিজ্ঞাপন স্পেস ভাড়া |
| ৫. | ভিত্তি মূল্য (বছর ভিত্তিক) | : | ১৩,৬৩,৩৪,০৬৩.০০ (তেরো কোটি তেষট্টি লক্ষ চৌত্রিশ হাজার তেষট্টি) টাকা মাত্র; | | |
| ৬. | ভাড়া/ইজারার মেয়াদ | : | চুক্তির মেয়াদ হবে ০২ (দুই) বছর, তবে শর্তসাপেক্ষে বছরভিত্তিক সর্বোচ্চ ০৩(তিন) বার নবায়নযোগ্য; | | |
| ৭. | আবেদনপত্রের মূল্য | : | **ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**-এর অনুকূলে ১০০০০/- (দশ হাজার) টাকা পে-অর্ডার (অফেরতযোগ্য) পরিশোধ করে আবেদনপত্র সংগ্রহ করতে হবে; | | |
| ৮. | ভাড়া/ইজারা গ্রহীতা নির্বাচন পদ্ধতি | : | উন্মুক্ত প্রতিযোগিতামূলক দরপত্র পদ্ধতিতে ভাড়া/ইজারা গ্রহীতা নির্বাচন করা হবে; | | |
| ৯. | আবেদনপত্র সংগ্রহের তারিখ | : | ১৫/০৩/২০২৬ হতে ১৫/০৪/২০২৬ তারিখ পর্যন্ত (অফিস চলাকালে); | | |
| ১০. | আবেদনপত্র সংগ্রহের স্থান | : | মেট্রোরেল ভবন, লেভেল-৩, কক্ষ নম্বর-৩১৯, সোনারগাঁও জনপথ সড়ক, সেক্টর- ১৫-১৬, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০; | | |
| ১১. | আবেদন দাখিল পূর্ববর্তী ব্রিফিং সভার তারিখ, সময় ও স্থান | : | ০২/০৪/২০২৬ তারিখ, সকাল ১০.০০ ঘটিকা; ডিএমটিসিএল সম্মেলন কক্ষ (লেভেল-৫), মেট্রোরেল ভবন, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০; | | |
| ১২. | আবেদনপত্র দাখিলের তারিখ, সময় ও স্থান | : | ১৬/০৪/২০২৬ তারিখ সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ০৩.০০ ঘটিকা; ফ্রন্ট ডেস্ক, মেট্রোরেল ভবন, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০; | | |
| ১৩. | আবেদনপত্র উন্মুক্ত করার তারিখ, সময় ও স্থান | : | ১৬/০৪/২০২৬ তারিখ, বিকাল ৩.৩০ ঘটিকা; ডিএমটিসিএল সম্মেলন কক্ষ (লেভেল-৫), মেট্রোরেল ভবন, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০; | | |
| ১৪. | আগ্রহী প্রতিষ্ঠানের ন্যূনতম যোগ্যতা | : | আগ্রহী ভাড়া/ইজারা গ্রহীতার নিম্নলিখিত ন্যূনতম যোগ্যতাসমূহ থাকতে হবে এবং আবেদনপত্র দাখিলের সময় সংযুক্ত করতে হবে:<br>ক) হালনাগাদ ট্রেড লাইসেন্স; খ) TIN সার্টিফিকেট এবং আয়কর পরিশোধের হালনাগাদ প্রমাণক; গ) VAT রেজিস্ট্রেশন সার্টিফিকেট; ঘ) বিজ্ঞাপন বিষয়ে ন্যূনতম ০১ (এক) বছরের অভিজ্ঞতার প্রমাণক; ঙ) ভাড়া/ইজারা গ্রহীতার বিগত ০২ (দুই) বছরের গড় বার্ষিক টার্নওভার ন্যূনতম ১ (এক) কোটি টাকা; চ) ভাড়া/ইজারা গ্রহীতার সহজলভ্য সম্পদ (Liquid Asset) ন্যূনতম ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা; এবং ছ) হালনাগাদ ব্যাংক স্টেটমেন্ট ও আর্থিক স্বচ্ছলতার সনদপত্র। | | |
| ১৫. | প্রস্তাব জামানত | : | **ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**-এর অনুকূলে বাংলাদেশের কোনো তফসিলি ব্যাংক হতে ১০ (দশ) লক্ষ টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দরপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে, যা ফেরতযোগ্য; | | |
| ১৬. | চূড়ান্তভাবে প্রতিষ্ঠান নির্বাচন ও চুক্তি সম্পাদন | : | সর্বোচ্চ দরদাতা প্রতিষ্ঠানকে এই বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ সাপেক্ষে চুক্তি স্বাক্ষরের জন্য চূড়ান্তভাবে নির্বাচন করা হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রতিষ্ঠান আমন্ত্রণপত্রে উল্লিখিত তারিখে/তারিখের মধ্যে চুক্তি সম্পাদনে ব্যর্থ হলে উক্ত প্রতিষ্ঠানের জামানত বাজেয়াপ্তসহ বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে এবং পর্যায়ক্রমে পরবর্তী সর্বোচ্চ দরদাতাকে চুক্তি সম্পাদনের জন্য আহবান করা হবে অথবা প্রয়োজনে ডিএমটিসিএল-এর সর্বোচ্চ স্বার্থ রক্ষা নিশ্চিত করার জন্য দর প্রস্তাবকারী প্রতিষ্ঠানের সাথে Negotiation-পূর্বক চূড়ান্তভাবে প্রতিষ্ঠান নির্বাচন করা হবে; | | |

| | | | |
|---|---|---|---|
| ১৭. | নিরাপত্তা জামানত | | নির্বাচিত প্রতিষ্ঠানকে চুক্তি স্বাক্ষরের ৭ (সাত) দিন পূর্বে **ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড** -এর অনুকূলে নিরাপত্তা জামানত বাবদ বার্ষিক চুক্তি মুল্যের ১০% এর সমপরিমান অর্থ ব্যাংক গ্যারান্টি/পে-অর্ডার হিসেবে বাবদ ১ম পক্ষের নিকট জমা প্রদান করবে। নিরাপত্তা জামানত বাবদ ব্যাংক গ্যারান্টি প্রদান করা হলে উক্ত ব্যাংক গ্যারান্টির মেয়াদ চুক্তির মেয়াদ সমাপ্তির ন্যূনতম ৩০(ত্রিশ) দিন পর পর্যন্ত বলবৎ থাকবে। চুক্তি মেয়াদ শেষে (প্রযোজ্য ক্ষেত্রে কোনো প্রয়োজনীয় পাওনা আদায় সাপেক্ষে) উক্ত জমাকৃত অর্থ/ব্যাংক গ্যারান্টি ফেরত প্রদান করা হবে। |
| ১৮. | অগ্রিম ভাড়া | | নির্বাচিত প্রতিষ্ঠানকে চুক্তি স্বাক্ষরের ন্যূনতম ০৭ (সাত) দিন পূর্বে এককালীন ০১ (এক) বছরের ভাড়া **ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**-এর অনুকূলে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে পরিশোধ করতে হবে। একইসঙ্গে ভাড়া গ্রহীতাকে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত হারে ভ্যাট, আয়কর বা সরকারি অন্যান্য ফি ডিএমটিসিএল-এর অনুকূলে ট্রেজারি চালানের মাধ্যমে পরিশোধ করে প্রমাণক দাখিল করতে হবে। |
| ১৯. | যোগাযোগের ঠিকানা | : | মেট্রোরেল ভবন, লেভেল-৩, কক্ষ নম্বর-৩১৯, সোনারগাঁও জনপথ সড়ক, সেক্টর- ১৫-১৬, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০; মোবাইল নম্বর: ০১৭২২৯৩৭২২২, ই-মেইলঃ **ammarketing@dmtcl.gov.bd** |
| ২০. | **অন্যান্য শর্তাবলী:** | | |
| ২১. | নির্ধারিত আবেদন ফরম মোতাবেক ভাড়া গ্রহণে আগ্রহী প্রতিষ্ঠানকে তার নিজস্ব লেটার হেড প্যাডে আবেদন করতে হবে; | | |
| ২২. | আগ্রহী প্রতিষ্ঠানকে আবেদনের সাথে জমাকৃত সকল দলিলাদির প্রতি পাতায় স্বাক্ষর করতে হবে এবং সীলগালাকৃত খামে আবেদনপত্র দাখিল করতে হবে; | | |
| ২৩. | প্রতিষ্ঠানের নাম, অফিসের ঠিকানা, ফোন/মোবাইল নম্বর, ইমেইল ইত্যাদি অবশ্যই সংশ্লিষ্ট খামের উপর উল্লেখ করতে হবে; | | |
| ২৪. | আগ্রহী প্রতিষ্ঠানকে ন্যূনতম ভাড়া/ইজারার ভিত্তি মূল্য বা তার অধিক দরপ্রস্তাব করতে হবে; | | |
| ২৫. | একাধিক প্রতিষ্ঠান সমান দরপ্রস্তাব করলে বা অন্য যে কোনো যৌক্তিক কারণে কর্তৃপক্ষ পুনঃদরপ্রস্তাব (Revised Price Quotation) আহবান করতে পারবে; | | |
| ২৬. | মূল্যায়ন প্রক্রিয়ায় সফলকাম প্রতিষ্ঠানকে চুক্তি স্বাক্ষরের আমন্ত্রণ জানানোর পূর্বে উক্ত প্রতিষ্ঠানের দাখিলকৃত কাগজপত্রাদি যাচাই-বাছাই করা হবে। যাচাই-বাছাই কালে কোন জাল-জালিয়াতি পরিলক্ষিত হলে প্রস্তাব বাতিল বলে গণ্য হবে এবং প্রস্তাব জামানত বাজেয়াপ্ত করাসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে; | | |
| ২৭. | আবেদনপত্র মূল্যায়নের সময় গাণিতিক ভূল যথা একক মূল্য অংক এবং কথায় এর মধ্যে ভিন্নতা পাওয়া গেলে কথায় লেখাকে সঠিক বলে ধরে নেওয়া হবে; | | |
| ২৮. | বিজ্ঞপ্তি ও চুক্তিপত্রে উল্লিখিত শর্তাবলী ছাড়াও ডিএমটিসিএল এর ভাড়া/ইজারা নীতিমালা ২০২৩ (১ম সংশোধনীসহ) এ উল্লিখিত শর্তাবলীও সমভাবে প্রযোজ্য হবে; | | |
| ২৯. | ভাড়া চুক্তির ২য় বছরে ভাড়া পূর্ববর্তী বছরের ভাড়ার উপর ১০% চক্রবৃদ্ধি হারে বৃদ্ধি পাবে। এছাড়া নবায়নের ক্ষেত্রেও প্রতি বছর ভাড়া পূর্ববর্তী বছরের ভাড়ার উপর ১০% চক্রবৃদ্ধি হারে বৃদ্ধি পাবে; | | |
| ৩০. | সকল যোগাযোগ লিখিত আকারে হতে হবে এবং ইহা পত্রযোগে বা ই-মেইল এর মাধ্যমে হবে; | | |
| ৩১. | কোনো প্রতিষ্ঠান প্রয়োজনে Joint Venture-এ আবেদন করতে পারবে। সেক্ষেত্রে আবেদনপত্র ক্রয়, দাখিল, ডিএমটিসিএল-এর সাথে চুক্তিপত্র স্বাক্ষরসহ সকল যোগাযোগ লিড ফার্ম করবে। লিড ফার্মের জন্য অত্র শর্তাবলীর ১৪ নম্বর ক্রমিকে উল্লিখিত সকল প্রমাণক আবেদনপত্রের সাথে আবশ্যিকভাবে দাখিল করতে হবে। তবে লিড ফার্ম ব্যতীত Joint Venture-এ অংশগ্রহণকারী অন্যান্য প্রতিষ্ঠানের জন্য আবেদনপত্রের সাথে শুধুমাত্র ১৪ ক্রমিকের ক, খ, গ ও ছ নম্বরে উল্লিখিত প্রমাণক দাখিল করতে হবে। উল্লেখ্য, একসাথে ৩টি প্রতিষ্ঠানের বেশি Joint Venture করা যাবে না; | | |
| ৩২. | নিম্নোক্ত কারণসমূহের জন্য প্রস্তাব জামানত বাজেয়াপ্ত করা হবে;<br>ক) উন্মুক্তকরণের পরে কোনো প্রতিষ্ঠান দাখিলকৃত প্রস্তাব প্রত্যাহার করলে;<br>খ) দর প্রস্তাবের গাণিতিক ভুল সংশোধনে অস্বীকৃতি জানালে;<br>গ) চুক্তি স্বাক্ষরের আমন্ত্রণপত্র জারীর পরে নির্ধারিত সময়ে নিরাপত্তা জামানত এবং ১ বছরের ভাড়া প্রদানে ব্যর্থ হলে;<br>ঘ) চুক্তি স্বাক্ষরে ব্যর্থ হলে;<br>ঙ) কোনোরূপ জাল জালিয়াতি প্রমানিত হলে; | | |
| ৩৩. | কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ছাড়াই যেকোন সময় যেকোনো ভাড়ার প্রস্তাব/বিজ্ঞপ্তি সংশোধন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে। | | |

২২/০৩/২৫

(এ, কে, এম, খায়রুল আলম)
পরিচালক (প্রশাসন)
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
ফোন: +৮৮০২-৫৫৬৬৯০১২